

আকাশতলে দলে দলে মেঘ যে ডেকে যায়

'আয় আয় আয়' ॥

জামের বনে আমের বনে রব উঠেছে তাই -

'যাই যাই যাই' ।

উড়ে যাওয়ার সাধ জাগে তার পুলক-ভরা ডালে

পাতায় পাতায় ॥

নদীর ধারে বারে বারে মেঘ যে ডেকে যায় -

'আয় আয় আয়' ।

কাশের বনে ক্ষণে ক্ষণে রব উঠেছে তাই -

'যাই যাই যাই' ।

মেঘের গানে তরীগুলি তান মিলিয়ে চলে

পাল-তোলা পাখায় ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Kedara
Visit www.geetabitan.com for notation and other detail